গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩৪৬.২০.০০৯.১৬-১৪৫

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩০ বা. / ১১ ডিসেম্বর ২০২৩ খ্রি.

**বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষে ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচিত ৩২১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষ হতে ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালু করা হয়। ইতোমধ্যে ২০২৩ সালে ভর্তিকৃত ৪+ বয়সী শিশুর শিক্ষা কার্যক্রমের ১বছর পূর্ণ হয়েছে। সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য শিক্ষক প্রশিক্ষণসহ শিখন-শেখানো সামগ্রী মুদ্রণ ও সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ সম্পন্ন করা হয়েছে। এমতাবস্থায় নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী নির্বাচিত ৩২১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শ্রেণির কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

১. নির্বাচিত ৩২১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শ্রেণি কার্যক্রম ২০২৪ সালে চলমান থাকবে। ২০২৩ সালে ভর্তিকৃত ৪+ বয়সী শিশুরা ২০২৪ সালের ৫+ প্রাক-প্রাথমিক শিখন কার্যক্রমে অন্তর্ভুক্ত হবে। ২০২৪ সালে ৪+ বয়সী নতুন শিশু ৪+ শ্রেণিতে ভর্তি করতে হবে এবং ৫+ বয়সী নতুন শিশু ৫+ শ্রেণিতে ভর্তি করতে হবে।

২. প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচির মধ্যে প্রাক-প্রাথমিক শ্রেণি পরিচালনার জন্য একটি আলাদা শ্রেণিকক্ষ এবং সুবিধা অনুযায়ী সময় নির্ধারণ করতে হবে। ৪+ বয়সী শিশুদের জন্য ২ঘণ্টা শ্রেণি কার্যক্রম পরিচালনার পরে ৫+ বয়সী শিশুদের জন্য ২ ঘণ্টা ৩০ মিনিট শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।

৩. প্রাক-প্রাথমিক শিক্ষা বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক নিজ নিজ বিদ্যালয়ে ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শ্রেণি পরিচালনা করবেন। ২বছর মেয়াদী (৪+ ও ৫+) প্রাক-প্রাথমিক শ্রেণি পরিচালনার পর উক্ত শিক্ষককে বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকের সাথে সামঞ্জস্যপূর্ণ ও যৌক্তিকতা বিবেচনাপূর্বক অন্য শ্রেণিতে পাঠদান/বিদ্যালয়ের সংশ্লিষ্ট দায়িত্ব অর্পণ করা যাবে। উক্ত কার্যক্রম অন্তর্ভুক্ত করে বছরের প্রারম্ভেই শিক্ষকদের জন্য রুটিন প্রণয়ন করতে হবে।

৪. ক্যাচমেন্ট এলাকার জরীপ পরিচালনাপূর্বক নির্বাচিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৪ সালে ৪+ বয়সী সকল শিশুকে প্রাক-প্রাথমিক শ্রেণিতে ভর্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫. ৪+ বয়সী প্রাক-প্রাথমিক শ্রেণি ৩০জন শিশু এবং ৫+ বয়সী প্রাক-প্রাথমিক শ্রেণি ৩০জন শিশু নিয়ে পরিচালিত হবে। তবে ভর্তিকৃত শিশুর সংখ্যা তার অধিক হলে বিকল্প ব্যবস্থার মাধ্যমে (একাধিক শাখা খুলে) তাদের প্রাক-প্রাথমিক শিক্ষার সুযোগ তৈরি করে দিতে হবে। একাধিক শাখা বা ব্যাচ খোলা কোনোভাবেই সম্ভব না হলে উপযোগী নমনীয় কৌশল অবলম্বনের মাধ্যমে পরিচালনা করা যেতে পারে।

৬. প্রাক-প্রাথমিক ৪+ ও ৫+ শ্রেণির জন্য পৃথক হাজিরাখাতা ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। ৪+ বয়সী শিশুদের জন্য শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী আঁকিবুকি খাতা এবং একটি করে শিক্ষক সহায়িকাসহ অন্যান্য উপকরণ নির্বাচিত প্রতিটি বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

৭. প্রাক-প্রাথমিক ৪+ বয়সী প্রতিটি শিক্ষার্থী একটি করে আঁকিবুকি খাতা ব্যবহার করবে এবং অন্যান্য সামগ্রী শিক্ষক সহায়িকায় বর্ণিত নির্দেশনা অনুযায়ী ব্যবহার করবেন। এছাড়া ৫+ বয়সী শিক্ষার্থীদের জন্য বিদ্যমান নীতিমালা বহাল থাকবে। শিক্ষক সহায়িকার নির্দেশনা মোতাবেক শিখন সামগ্রী/উপকরণের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

৮. একই সময়ে, একই শ্রেণিকক্ষে প্রাক-প্রাথমিক ৪+ এবং ৫+ বয়সী শিশুদের শ্রেণিকার্যক্রম পরিচালনা করা যাবে না বা উচ্চতর শ্রেণির শিক্ষার্থীদের সাথে বসানো যাবে না। খোলা জায়গায়, বারান্দা বা গাছতলায় বসিয়ে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না। তবে যদি একাধিক শ্রেণিকক্ষ ও একাধিক প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক থাকে তাহলে আলাদা শ্রেণিকক্ষে একই সময়ে কার্যক্রম পরিচালনা করা যাবে।

৯. ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকায় প্রাক-প্রাথমিক শিক্ষার শ্রেণিকক্ষে সম্পাদনে জন্য বিবিধ কাজ, ব্যায়াম ও খেলা/ধুলার সংস্থান রয়েছে। তাই মাদুর/ম্যাট বিছিয়ে ক্লাস পরিচালনা করতে হবে। তবে যদি বেঞ্চসমৃদ্ধ শ্রেণিকক্ষই একমাত্র সম্ভাব্য জায়গা হয় সেক্ষেত্রে বেঞ্চ এক পাশে সরিয়ে শিশুদের বসার ব্যবস্থা করতে হবে এবং খেলা, ব্যয়াম ও কাজ পরিচালনার সময় শিশুদের ক্লাসের বাইরে উপযুক্ত খোলা জায়গায় নিয়ে আসতে হবে। কোনোভাবেই বেঞ্চে বসিয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি পরিচালনা করা যাবে না।

১০. প্রাক-প্রাথমিক শ্রেণি সজ্জিতকরণের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত "শ্রেণিকক্ষ ও উপকরণ বিন্যাস, সজ্জা ও ব্যবস্থাপনা নির্দেশিকা' অনুসরণ করে শ্রেণিকক্ষটি সজ্জিত করতে হবে।

১১. ২বছর মেয়াদী ৪+ শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শ্রেণির উপকরণ ক্রয়ের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়। বরাদ্দকৃত টাকা দিয়ে নির্দেশনা ও তালিকা মোতাবেক ৪+ বয়সী শিশুদের জন্য শিখন সামগ্রী ক্রয় করতে হবে। উল্লেখ্য যে, ৫+ বয়সী শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষার উপকরণ ক্রয়/তৈরির জন্য প্রতি বছর ১০.০০০/- (দশ হাজার) টাকা প্রদান করা হয়ে থাকে।

১২. শিক্ষক সহায়িকায় বর্ণিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষক স্থানীয়ভাবে উপকরণ সংগ্রহ করবেন। শিক্ষক প্রয়োজনে স্থানীয় খেলা ও গল্প সহযোগে শ্রেণি কার্যক্রম পরিচালনায় নতুনত্ব আনয়ন করবেন।

১৩. শিক্ষক নিয়মিত অভিভাবক সভা আয়োজন করবেন এবং নির্দেশনা মোতাবেক অভিভাবকদের সম্পৃক্ততা নিশ্চিত করতে শিক্ষক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. ইতোমধ্যে মাঠপর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রাক-প্রাথমিক শিক্ষা মনিটরিং ও সুপারভিশন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাঠপর্যায়ের কর্মকর্তাগণ নিয়মিত পরিদর্শনের সময় ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শ্রেণি কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং করবেন। পরিদর্শনকালে প্রশিক্ষণে বর্ণিত প্রাক-প্রাথমিক শিক্ষার মানদণ্ডসমূহ অনুসরণ করতে হবে। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ নিশ্চিত করবেন।

১৫. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার মধ্যে এক বা একাধিক বেসরকারি সংস্থা প্রাক-প্রাথমিক শিক্ষা পরিচালনা করলে তা সম্মিলিতভাবে সমন্বয় করতে হবে।

১৬. প্রাক-প্রাথমিক শ্রেণির শিশুদের মূল্যায়নের জন্য কোনোভাবেই কোনো পরীক্ষা আয়োজন করা যাবে না। শুধু শিক্ষক সহায়িকায় নির্দেশিত মূল্যায়ন পদ্ধতি অনুসরণ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। শিক্ষক সহায়িকায় বর্ণিত নির্দেশনার বাইরে কোনো শিশুকে বাড়ির কাজ দেওয়া যাবে না।

১৭. প্রাক-প্রাথমিক শিক্ষা বিষয়ে শিক্ষক সহায়িকায় বর্ণিত রুটিন এবং বাৎসরিক পরিকল্পনা অনুসরণ করে শিক্ষকের প্রস্তুতি এবং শ্রেণি পরিচালনা নিশ্চিত করতে হবে।

১৮. ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শিক্ষা পরিচালনার জন্য নির্বাচিত বিদ্যালয়ে আবশ্যিকভাবে ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে। ২বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শিক্ষা পিইডিপি৪ এর একটি ডিএলআই অন্তর্ভুক্ত কার্যক্রম বিধায় নির্বাচিত ৩২১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ কার্যক্রম নিশ্চিত করতে হবে।

১৯. প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমের মূল লক্ষ্য বিদ্যালয়ের প্রতি শিশুর ভালবাসা স্থাপনে সাহায্য করা যেন বিদ্যালয়ে আগমনে শিশু স্বতঃস্ফূর্ত ও আগ্রহী হয়ে উঠে। এ কারণে খেলাধুলার মাধ্যমে আনন্দদায়ক পরিবেশে শিশুর শিখন শেখানো কার্যক্রম পরিচালনা নিশ্চিত করা জরুরি।

২০. এই নির্দেশনাপত্রটি বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক শ্রেণির শিক্ষকসহ সকল শিক্ষককে অবহিতকরণ অত্যাবশ্যক। নির্দেশনাসমূহ প্রধান শিক্ষকগণের মাসিক সমন্বয় সভায় ইউইও, এইউইওগণ পর্যালোচনাপূর্বক এর কপি প্রধান শিক্ষককে বিতরণ করবেন। সেইসাথে বিদ্যালয়ে একটি বিশেষ সভায় সকল শিক্ষককে নির্দেশনাসমূহ অবহিত করতে প্রধান শিক্ষককে নির্দেশনা প্রদান করবেন।

**বিষয়টি অতীব জরুরি।**

১৪/১২/২০২৩

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
dpepreprimary@gmail.com

উপজেলা/থানা শিক্ষা অফিসার
............................... (সকল)

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩৪৬.২০.০০৯.১৬-১৪৫

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩০ বা. / ১১ ডিসেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, .................................. (সকল)
৩। সুপারিনটেনডেন্ট, প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট ....................... (সকল)
৪। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ................................... (সকল)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগতসহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।